সমকাল

তারিখ ... 27 APR 2017
পৃষ্ঠা ২০ কলাম ৬



জঙ্গি-সন্ত্রাস, মাদক ও বাল্যবিয়ে প্রতিরোধে বুধবার রংপুরে শপথ নেয় শিক্ষার্থীরা

■ সমকাল

# বাল্যবিয়ের বিরুদ্ধে রংপুরে সাড়ে ৩ লাখ শিক্ষার্থীর শপথ

■ রংপুর অফিস

জঙ্গি-সন্ত্রাস, মাদক ও বাল্যবিয়ে প্রতিরোধে শপথ নিয়েছে রংপুরের আট উপজেলার ৮৭২টি শিক্ষা প্রতিষ্ঠানের সাড়ে তিন লাখ শিক্ষার্থী। রংপুর জেলা পুলিশের উদ্যোগে গতকাল বুধবার ক্রিকেট গার্ডেন মাঠে নগরীর ২০ হাজার শিক্ষার্থীকে শপথবাক্য পাঠ করান রংপুর পুলিশ সুপার মিজানুর রহমান। এতে প্রধান অতিথি ছিলেন রংপুর রেঞ্জের ডিআইজি খন্দকার গোলাম ফারুক। বক্তব্য রাখেন– অতিরিক্ত ডিআইজি বশির আহমেদ, চৌধুরী মঞ্জুরুল কবির প্রমুখ। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার জাকির হোসেন, পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা।

রংপুর রেঞ্জের ডিআইজি খন্দকার গোলাম ফারুক বলেন, জঙ্গি-সন্ত্রাস আর মাদক বর্তমান সময়ে আমাদের অর্থনীতিকে পিছিয়ে রেখেছে। একজন মাদকসেবী পারে একটি পরিবারের ও সমাজের সুখ-শান্তি নষ্ট করতে। তাই শিক্ষার্থীরা যাতে বিপথগামী না হয় এবং মাদকের বিরুদ্ধে সোচ্চার হয় সে জন্য জেলা পুলিশের এ আয়োজন। এ শপথ নেওয়ার ফলে শিক্ষার্থীরা জঙ্গি-সন্ত্রাস, মাদক ও বাল্যবিয়ের বিরুদ্ধে সোচ্চার এবং এসব প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর